# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

রাজস্ব বিভাগ

www.dncc.gov.bd

## রাজস্ব বিভাগের সার্বিক কার্যক্রম পর্যালোচনা সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মীর খায়রুল আলম<br>প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত সচিব)<br>ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |
| তারিখ | : | ০৭/১০/২০২৪খ্রি. বিকাল ০৩:০০ টা |
| স্থান | : | সম্মেলন কক্ষ, ৮ম তলা, নগর ভবন, ডিএনসিসি। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে প্রধান রাজস্ব কর্মকর্তা চলতি অর্থ বছরে রাজস্ব বিভাগের ১৩টি খাতের আদায় সংক্রান্ত পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন।

| | | |
|---|---|---|
| আলোচ্য সূচী-১ | : | ১৩টি খাতের লক্ষ্যমাত্রা ও আদায় বিরবণী |
| আলোচনা | : | প্রধান রাজস্ব কর্মকর্তা সভায় অবহিত করেন যে, রাজস্ব বিভাগ কর্তৃক পরিচালিত ১৩টি খাতের মোট ২০২৪-২০২৫ অর্থবছরের লক্ষ্যমাত্রা ১৬৪১.০০ কোটি টাকা। তন্মধ্যে ০১/০৭/২০২৪ হতে ৩০/০৯/২০২৪ তারিখ পর্যন্ত ২৯৮.৭৭ কোটি টাকা আদায় হয়েছে। বিগত অর্থ বছরের এই সময়ের আদায় ছিল ২৬৬.৯৮ কোটি টাকা। চলতি অর্থ বছরে ৩১.৭৯ কোটি টাকা বেশি আদায় করা হয়েছে।<br>সভাপতি বলেন, প্রতিটি অঞ্চলে ১টি ওয়ার্ডে সকল প্রকার কর আদায়ের জন্য আউটসোর্সিং প্রক্রিয়ায় জনবল নিয়োগ করে একটি পাইলট প্রোগ্রাম শুরু করা যেতে পারে। আউটসোর্সিং জনবল হোল্ডিং প্রতি একটি নির্দিষ্ট পরিমাণ টাকা পাবে। সেখানে কি কি ধরণের কর আদায়ের জন্য কাজ করতে হবে তার একটি বিস্তারিত কর্মপরিকল্পনা ও সময়সীমা নির্ধারণ করার জন্য একটি ০৫ সদস্যের কমিটি গঠন করা যায়।<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-২ বলেন, ইতঃপূর্বে অঞ্চল-২ এ একটি ক্রাশ প্রোগ্রাম করা হয়েছিল। যার মাধ্যমে প্রচুর পরিমাণ নয়াবাদী সংগ্রহ করা হয়। কিন্তু নয়াবাদী সংগ্রহ করে কর আদায় পর্যন্ত অনেকগুলো ধাপ অতিক্রম করতে হয়, যা সময় সাপেক্ষ। অন্যান্য অঞ্চল হতে প্রায় ১০ জন অতিরিক্ত উপকর কর্মকর্তাকে অঞ্চল-২ এ দায়িত্ব প্রদান করা হয়। তারা নয়াবাদী সংগ্রহ ও নোটিশ প্রদান করেছে প্রায় ১০,০০০টি হোল্ডিংয়ের। তবে সম্পূর্ণ কাজ শেষ হওয়ার আগেই তাদেরকে স্ব স্ব কর্মস্থলে ফেরত প্রদান করা হয়।<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-১০ বলেন, জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) প্রতিবছর কর মেলার আয়োজন করে, যেখানে করদাতাগণ এসে কর প্রদান করতে পারে। অনুরূপভাবে সিটি কর্পোরেশনের আঞ্চলিক কার্যালয়সমূহে কর মেলা আয়োজন করা যায়। |
| সিদ্ধান্ত-০১ | : | ক) প্রতিটি অঞ্চলে অন্তত: ১টি ওয়ার্ডে সকল প্রকার কর আদায়ের জন্য আউটসোর্সিং প্রক্রিয়ায় জনবল নিয়োগ করে একটি পাইলট প্রোগ্রাম শুরু করার জন্য বিস্তারিত পরিকল্পনা ও সময়সীমা নির্ধারণ করার জন্য ০৫ সদস্যের একটি কমিটি গঠন করতে হবে। কমিটির রূপরেখা নিম্নরূপঃ |

| | | |
|---|---|---|
| ১ | সচিব, ডিএনসিসি | আহ্বায়ক |
| ২ | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৪, ডিএনসিসি | সদস্য |
| ৩ | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৯, ডিএনসিসি | সদস্য |
| ৪ | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৩, ডিএনসিসি | সদস্য |
| ৫ | প্রধান রাজস্ব কর্মকর্তা, ডিএনসিসি | সদস্য সচিব |

| | | |
|---|---|---|
| | | খ) আগামী নভেম্বর ও মে মাসে কর মেলা আয়োজনের প্রয়োজনীয় পদেক্ষেপ গ্রহণ করতে হবে। |
| বাস্তবায়ন | : | ১। প্রধান রাজস্ব কর্মকর্তা<br>২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)<br>৩। কর কর্মকর্তা (সকল) |
| আলোচ্য সূচী-২ | : | বসুন্ধরা আবাসিক এলাকা ও যমুনা ফিউচার পার্কের কর ধার্য সংক্রান্ত |
| আলোচনা | : | প্রধান রাজস্ব কর্মকর্তা বলেন, অঞ্চল-৯ এর ওয়ার্ড নং-৪০ এবসুন্ধরা আবাসিক এলাকা অবস্থিত। কিন্তু, উক্ত এলাকা হতে কর আদায় করা সম্ভব হচ্ছে না। এবিষয়ে আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৯ বলেন, ইতঃপূর্বে প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের স্বাক্ষরে রাজউককে কয়েকবার বসুন্ধরা আবাসিক এলাকার প্রকল্প সংক্রান্ত তথ্য চেয়ে পত্র প্রেরণ করা হয়েছে। কিন্তু উত্তর পাওয়া যায়নি। ইতিপূর্বে বসুন্ধরা আবাসিক প্রকল্পের আওতাধীন নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়, ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ এবং এভার কেয়ার হাসপাতাল এর পৌরকর ধার্য করা হয়। এছাড়াও অনেক বাড়ি-ঘর/ স্থাপনা/ অবকাঠামোতে কর প্রদানের জন্য নোটিশ জারি করা হলে ইষ্ট ওয়েষ্ট প্রাপার্টি ডেভেলপমেন্ট (প্রাঃ) লিঃ পক্ষে চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক জনাব আহমেদ আকবর সোবহান ২৯/০৯/২০২১ খ্রি. তারিখের পত্রে জানান যে, বসুন্ধরা আবাসিক প্রকল্পটি রাজউক কর্তৃক ২১.০১.২০১৬ খ্রি. তারিখ অনুমোদিত হয়। উক্ত তারিখ হতে ১০(দশ) বছরের মধ্যে প্রকল্পের উন্নয়ন কাজ সম্পন্ন করার বাধ্যবাধকতা রয়েছে। প্রকল্পটির উন্নয়ন কাজ চলমান থাকায় আগামী ২০.০১.২০২৬ তারিখের পূর্বে প্রকল্প এলাকা ডিএনসিসির নিকট হস্তান্তরের সুযোগ নেই। উক্ত পত্রে আরও জানানো হয়, অঞ্চল-৯ হতে প্লট গ্রহীতাদের নিকট বার্ষিক মূল্যায়ন ধার্য করার জন্য পত্র প্রেরণ করা হচ্ছে, অথচ ডিএনসিসি হতে হোল্ডিং নম্বর, সড়ক মেরামত, রক্ষণাবেক্ষণ, সড়কবাতি, সড়ক পরিচ্ছন্নতা, বর্জ্য অপসারণ, মশক নিধনের সুবিধা দেয়া হয়নি, তাই রাজস্ব আদায়ের নিমিত্ত পত্র দেয়া সমীচীন নয়।<br>সভাপতি বলেন, বসুন্ধরা আবাসিক এলাকায় বসবাসকারী বাড়ির মালিকদের হোল্ডিং ট্যাক্স ধার্য করতে চিঠি ইস্যু করা যায়। বসুন্ধরা আবাসিক এলাকায় কর ধার্য ও আদায় কার্যক্রম চলমান থাকবে। এক্ষেত্রে ব্লক-এ থেকে ধারাবাহিকভাবে কার্যক্রম শুরু করতে হবে। রাজউক-এ পুনরায় তথ্য চেয়ে পত্র প্রেরণ করতে হবে। |
| সিদ্ধান্ত-০২ | : | ক) বসুন্ধরা আবাসিক এলাকায় বসবাসকারী বাড়ির মালিকদের হোল্ডিং ট্যাক্স ধার্য করতে নোটিশ প্রদান করতে হবে।<br>খ) বসুন্ধরা আবাসিক এলাকায় কর ধার্য ও আদায় কার্যক্রম চলমান থাকবে। এক্ষেত্রে ব্লক-এ থেকে ধারাবাহিকভাবে কার্যক্রম শুরু করতে হবে।<br>গ) রাজউক এ পুনরায় তথ্য চেয়ে পত্র প্রেরণ করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান রাজস্ব কর্মকর্তা<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সংশ্লিষ্ট)<br>কর কর্মকর্তা (সংশ্লিষ্ট) |

| | | |
|---|---|---|
| আলোচ্য সূচী-৩ | : | রিক্সা লাইসেন্স প্রদান সংক্রান্ত |
| আলোচনা | : | অবিভক্ত ঢাকা সিটি কর্পোরেশন কর্তৃক ১৯৮৫-৮৬ অর্থ বছরে প্রথম অযান্ত্রিক যানবাহন (রিক্সা /ভ্যান/ ঠেলাগাড়ি) এর মালিকানা লাইসেন্স প্রদান করা হয়। ২০১১-২০১২ অর্থ বছরে ঢাকা সিটি কর্পোরেশন বিভক্তির পর ডিএনসিসিতে ৩০,১৬২টি অযান্ত্রিক যানবাহন ( রিক্সা /ভ্যান/ ঠেলাগাড়ি) এর মালিকানা লাইসেন্স হস্তান্তর করা হয়। উক্ত লাইসেন্সসমূহ ২০১৯ সাল পর্যন্ত নবায়ন করা আছে। ডিএনসিসিতে ২ (দুই) লক্ষ রিক্সা লাইসেন্স প্রদানের নিমিত্ত নিবন্ধন ফি, অন্যান্য ফি নির্ধারণসহ ০৫ (পাঁচ) বছরের ফি একত্রে প্রতি রিক্সার জন্য ৮১০০ টাকা ও ভ্যানের জন্য ৮৬০০ টাকা আদায়করণ এবং এতদসংক্রান্তে পত্রিকায় বিজ্ঞাপন প্রদানের বিষয়টি কর্পোরেশন সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত বিষয়টি মন্ত্রণালয়ের অনুমোদনে জন্য পত্র প্রেরণ করা হয়েছে। কিন্তু অনুমোদন পাওয়া যায়নি।<br>সচিব বলেন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ইতোমধ্যে আনুমানিক দুই লক্ষ নতুন অযান্ত্রিক যানবাহন (রিক্সা /ভ্যান/ ঠেলাগাড়ী) এর মালিকানা লাইসেন্স প্রদান করেছেন। আমরা তাদের অনুসরণ করতে পারি। |
| সিদ্ধান্ত-০৩ | : | ক) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন থেকে তথ্য সংগ্রহপূর্বক সে আলোকে পুনরায় মন্ত্রণালয় পত্র প্রেরণ করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান রাজস্ব কর্মকর্তা |
| আলোচ্য সূচী-৪ | : | বিজ্ঞাপন সংক্রান্ত আলোচনা |
| আলোচনা | : | সভায় জানানো হয়, বিজ্ঞাপন খাতে ট্যাক্স আদায় কম হচ্ছে। বিজ্ঞাপন ট্যাক্স কোথায় পরিশোধ করতে হবে তা নিয়ে গ্রাহকদের সচেতনতার অভাব এর মুখ্য কারণ। কোনটি কর্পোরেট প্রতিষ্ঠান কোনটি নয় তা নির্ধারণ করে সুষ্ঠুভাবে বিজ্ঞাপন খাতে আদায় বৃদ্ধি করতে হবে। প্রত্যেক লাইসেন্স ও বিজ্ঞাপন সুপারভাইজারকে তার দায়িত্বপ্রাপ্ত এলাকা ঘুরে ঘুরে বিজ্ঞাপন কর আদায় করতে হবে। নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করে অবৈধ বিজ্ঞাপন অপসারণ করতে হবে। |
| সিদ্ধান্ত-০৪ | : | ক) কর্পোরেট প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুত করে সকল অঞ্চলে সরবরাহ করতে হবে।<br>খ) প্রত্যেক লাইসেন্স ও বিজ্ঞাপন সুপারভাইজারকে তার দায়িত্বপ্রাপ্ত এলাকা ঘুরে ঘুরে বিজ্ঞাপন কর আদায় করতে হবে।<br>গ) নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করে অবৈধ বিজ্ঞাপন অপসারণ করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান রাজস্ব কর্মকর্তা<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)<br>কর কর্মকর্তা (সংশ্লিষ্ট) (সকল) |
| আলোচ্য সূচী-৫ | : | বিবিধ |
| আলোচনা | : | সভাপতি ম্যানুয়াল বা অনলাইন রাজস্ব আদায়ের ক্ষেত্রে নিয়মিত ব্যাংক ও রেভিনিউ ম্যানেজমেন্ট সিস্টেমের সাথে সমন্বয় সাধনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। |
| সিদ্ধান্ত-০৫ | : | ক) রাজস্ব আদায়ের ক্ষেত্রে নিয়মিত ব্যাংক ও রেভিনিউ ম্যানেজমেন্ট সিস্টেমের সাথে সমন্বয় সাধন করতে হবে এবং এসংক্রান্ত তথ্য রাজস্ব সভায় উপস্থাপন করতে হবে।<br>খ) IT অডিটের জন্য তাগিদপত্র ইস্যু করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান রাজস্ব কর্মকর্তা<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)<br>কর কর্মকর্তা (সকল) |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৭/১০/২০২৪
(মীর খায়রুল আলম)
প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত সচিব)
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

স্মারক নং- ৪৬.১০.০০০০.০২২.০৫.০৭৬ (কোর্ট-২).২৪-৫৯৮(৩), তারিখ: ০৭/১০/২৪

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-............... (সকল) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩। প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। (ডিএনসিসি পোর্টালে আপলোড করার অনুরোধসহ)
৫। কর কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীদের অবহিত করার অনুরোধসহ)
৬। অফিস কপি।

০৭/১০/২৪
মোঃ মনিরুজ্জামান
প্রধান রাজস্ব কর্মকর্তা (উপসচিব)
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।